ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৫২
উদয়পুর, ১৯ এপ্রিল, ২০২৫

**রাজ্য সরকার সব ধর্মের সংস্কৃতিকে রক্ষা করতে ও পরবর্তী প্রজন্মের কাছে তুলে ধরতে বদ্ধপরিকর : অর্থমন্ত্রী**

বাংলা নববর্ষ উপলক্ষে আজ উদয়পুরে এক কল্যাণ শোভাযাত্রার আয়োজন করা হয়। উদয়পুর স্পোর্টস গ্রাউন্ডে এই শোভাযাত্রার সূচনা করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়। এই কল্যাণ শোভাযাত্রা সেন্ট্রাল রোড, নিউ টাউন রোড হয়ে নজরুল গ্রন্থাগার প্রাঙ্গণে এসে শেষ হয়। গোমতী জিলা পরিষদ, উদয়পুর পুর পরিষদ, গোমতী জেলা প্রশাসন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এই কল্যাণ শোভাযাত্রার আয়োজন করা হয়।

শোভাযাত্রার সূচনা করে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় বলেন, রাজ্য সরকার সব ধর্মের সংস্কৃতিকে রক্ষা করতে ও পরবর্তী প্রজন্মের কাছে তুলে ধরতে বদ্ধপরিকর। বৈচিত্রের মধ্যে ঐক্যকে সুদৃঢ় করার উদ্দেশ্যেই এই ধরণের কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। অর্থমন্ত্রী ১৪৩২ বাংলা নববর্ষ উপলক্ষে রাজ্যবাসীকে প্রীতি শুভেচ্ছা ও শ্রদ্ধা জানান। তিনি রাজ্য ও রাজ্যবাসীর সার্বিক কল্যাণ কামনা করেন।

কল্যাণ শোভাযাত্রায় গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায়, বিধায়ক জীতেন্দ্র মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতলচন্দ্র মজুমদার, বিশিষ্ট সমাজসেবী সবিতা নাগ সহ অন্যান্য অতিথিগণ উপস্থিত ছিলেন। শোভাযাত্রায় ৫৯টি সাংস্কৃতিক সংস্থা ও বিদ্যালয়, ক্লাবের সদস্য-সদস্যা, শিল্পীগণ অংশগ্রহণ করেন।

******